গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
(ভূমি অধিগ্রহণ শাখা)
চট্টগ্রাম
www.chittagong.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪২.১৫০০.৪০২.০৩.০০৫.২২ - ৭৩২ তারিখ: ০৭ সেপ্টেম্বর ২০২২ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-১ এর গত ২১/০৭/২০২২ খ্রি. তারিখের i) ৩১.০০.০০০০.০৪৬.১১.০০৯.১৯.২৪৯ ও ii) ৩১.০০.০০০০.০৪৬.১১. ০০৯.১৯.২৫০ নং স্মারকমূলে প্রাপ্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে ভূমি অধিগ্রহণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম এর অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, অফিস সহায়ক, নিরাপত্তা প্রহরী, পরিচ্ছন্নতা কর্মী এর শূন্য পদের বিপরীতে জনবল নিয়োগের লক্ষে চট্টগ্রাম জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র:নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
১	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	০৯ (নয়) টি	গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০/-	ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word Processing/Data Entry ও Typing সর্বনিম্ন গতি প্রতি মিনিটে কম্পিউটার লিখনে বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দের গতি থাকতে হবে।
২	অফিস সহায়ক	০৩ (তিন) টি	গ্রেড-২০ ৮২৫০-২০০১০/-	ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৩	নিরাপত্তা প্রহরী	০১ (এক) টি	গ্রেড-২০ ৮২৫০-২০০১০/-	ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৪	পরিচ্ছন্নতাকর্মী	০১ (এক) টি	গ্রেড-২০ ৮২৫০-২০০১০/-	ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

শর্তাবলী :

০১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও চট্টগ্রাম জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। নির্ধারিত আবেদন ফরমটি চট্টগ্রাম জেলার ওয়েব সাইট (www.chittagong.gov.bd) এর নোটিশ বোর্ডে এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইটে (www.mopa.gov.bd) পাওয়া যাবে।

০৩। প্রার্থীর বয়স ০৯/০৯/২০২২ খ্রি. তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৪। প্রার্থীকে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম, পদবির সিল স্বাক্ষরসহ) কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদ, শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি এবং সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

০৫। আবেদনপত্র আগামী ১৯/০৯/২০২২ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে) ডাকযোগে অথবা সরাসরি জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম এর জেলা ই-সেবা কেন্দ্রে পৌঁছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনসমূহ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৬। আবেদনপত্রের সাথে (ক) সোনালী ব্যাংক লি: এর যে কোন শাখা হতে জেলা প্রশাসক, চট্টগ্রাম এর অনুকূলে ১-০৭৪২-০০০০-২০৩১ নম্বর কোডে ০১ নং ক্রমিকের পদের জন্য ১০০/- (একশত) টাকার ও ০২-০৪ নং ক্রমিকের পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার ট্রেজারী চালানের কপি (অফেরৎযোগ্য) জমা দিতে হবে। (খ) রেজিস্ট্রিসহ ডাকের জন্য ১০/- টাকার ডাক টিকেটযুক্ত ১০´X৪.৫´ সাইজের একটি খাম সংযুক্ত করতে হবে। খামের উপরে ডান পার্শ্বে প্রার্থীর ডাক যোগাযোগের ঠিকানা (যে ঠিকানায় ইন্টারভিউ কার্ড পেতে ইচ্ছুক) লিখতে হবে।

০৭। চাকুরিরত প্রার্থীগণ অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে পারবেন। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না। এ ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য নহে।

০৮। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে কিংবা কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগাদেশ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯। একজন প্রার্থী একাধিক পদের জন্য আবেদন করতে পারবে না। খামের উপরে পদের নাম মোটা অক্ষরে লিখতে হবে।

১০। কোটা সম্পর্কিত সরকারি সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে। কোটার ক্ষেত্রে প্রার্থীকে তার সংশ্লিষ্ট কোটা খামের উপর লিখতে হবে।

১১। প্রার্থীকে নির্বাচনী (লিখিত/মৌখিক) পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকযোগে প্রবেশ পত্র প্রেরণ করা হবে। পরীক্ষা/সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। কর্তৃপক্ষ অনিবার্য কারণে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, পদ সংখ্যা কম বা বেশি, সময় পরিবর্তন বা বাতিল এবং বিজ্ঞপ্তিতে উল্লেখিত শর্তাবলী সংশোধন বা পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করেন। এ ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত অন্যান্য শর্তাবলী অক্ষুন্ন থাকবে।

১৩। মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত সকল প্রকার সনদের মূল কপি সঙ্গে আনতে হবে।

ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদ (যদি থাকে) এর কপি;

খ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থী আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য এ মর্মে জেলা আনসার ও ভিডিপি কর্তৃক প্রদত্ত সনদপত্র;

গ) এতিম প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক রেজিস্ট্রিকৃত এতিমখানা/শিশুসদন কর্তৃক প্রদত্ত সনদপত্র;

ঘ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/জেলা প্রশাসক দপ্তর কর্তৃক প্রদত্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর পরিচয় বিষয়ক সনদপত্র;

ঙ) প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

চ) লিখিত পরীক্ষার প্রবেশপত্র;

ছ) কম্পিউটার দক্ষতা এর প্রমাণস্বরুপ সকল সনদপত্র;

জ) জাতীয় পরিচয়পত্র /জন্মনিবন্ধন সনদ।

১৪। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর যোগ্যতা পরিপন্থী বলে বিবেচিত হবে।

১৫। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৬। এ নিয়োগ বিজ্ঞপ্তির শূন্য পদসমূহ পূরণে ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২১ অনুসরণ করা হবে। এতদ্ব্যতীত নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধি বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১৭। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/নাতি-নাতনির ক্ষেত্রে প্রার্থীর আবেদনপত্রের সাথে তার পিতা/মাতা/পিতামহ/ মাতামহের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন মোতাবেক মুক্তিযোদ্ধা সনদ ও গেজেটের (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) ফটোকপি, যা ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম, পদবীর সিল স্বাক্ষরসহ) কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে। এছাড়া বীর মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধাদের সাথে আবেদনকারীর সম্পর্কের বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট সংযুক্ত করতে হবে।

মোহাম্মদ মমিনুর রহমান
জেলা প্রশাসক
চট্টগ্রাম
ফোন: ০২৩৩৩৩৬৯৯৯৬ ফ্যাক্স: ০২৩৩৩৩৬৫০৭২
ই-মেইল :dcchittagong@mopa.gov.bd

স্মারক নং ০৫.৪২.১৫০০.২০৪.০৩.০০৫.২২ - ৭৭২

তারিখ : ০৭ সেপ্টেম্বর ২০২২ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(দৃ.আ: উপ-সচিব, মাঠ প্রশাসন-১, ভূমি মন্ত্রণালয় এর ২১ জুলাই ২০২২ খ্রি. I) ৩১.০০.০০০০.০৪৬.১১.০০৯.১৯.২৪৯ ও II) ৩১.০০.০০০০.০৪৬.১১.০০৯.১৯.২৫০ নং স্মারকের প্রেক্ষিতে)

৪। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।

৬। বিভাগীয় কমিশনার ও সভাপতি, বিভাগীয় বাছাই কমিটি, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

৭। রেঞ্জ ডিআইজি, বাংলাদেশ পুলিশ ও সদস্য, বিভাগীয় বাছাই কমিটি, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

৮। জেলা প্রশাসক,.....................................(সকল)।
৯। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা এবং সদস্য, বিভাগীয় বাছাই কমিটি, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
১০। বিভাগীয় কমিশনারের একান্ত সচিব ও সদস্য সচিব, বিভাগীয় বাছাই কমিটি, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
১১। সহকারী পরিচালক, বাংলাদেশ সরকারি কর্মকমিশন, আঞ্চলিক কার্যালয় ও সদস্য, বিভাগীয় বাছাই কমিটি, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
২। পুলিশ সুপার, চট্টগ্রাম।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চট্টগ্রাম।
৪। সিভিল সার্জন, চট্টগ্রাম।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম।
৬। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, অতিরিক্ত জেলা প্রশাসক (এল,এ/রাজস্ব/ সার্বিক/শিক্ষা ও আইসিটি), চট্টগ্রাম।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ---------------------------------(সকল), চট্টগ্রাম জেলা।
৮। উপজেলা নির্বাহী অফিসার ----------------------------(সকল), চট্টগ্রাম। এ নিয়োগ বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।
৯। মেয়র, ---পৌরসভা (সকল), চট্টগ্রাম।
১০। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, চট্টগ্রাম।
১১। সহকারী কমিশনার (ভূমি)----------------------------সকল/সার্কেল, চট্টগ্রাম।
১২। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম। এ নিয়োগ বিজ্ঞপ্তি ও আবেদন ফরম ওয়েব সাইটে প্রদর্শনের জন্য বলা হলো।
১৩। জেলা তথ্য অফিসার, চট্টগ্রাম। (তাঁকে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১৪। সহকারী পরিচালক, জেলা জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরো, চট্টগ্রাম।
১৫। প্রোগ্রামার, এ কার্যালয়, চট্টগ্রাম [বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।
১৬। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার দৈনিক আজাদী, উক্ত বিজ্ঞাপনটি -------------২২খ্রি. এর মধ্যে ৯×৬ সাইজের ভিতরের পাতায় ০১দিনের জন্য তার বহুল প্রচারিত পত্রিকায় প্রকাশ করে ০৫ (পাঁচ) কপি জেলা প্রশাসক, চট্টগ্রাম বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৭। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার দৈনিক সমকাল, উক্ত বিজ্ঞাপনটি -------------২২খ্রি. এর মধ্যে ৯×৬ সাইজের ভিতরের পাতায় ০১দিনের জন্য তার বহুল প্রচারিত পত্রিকায় প্রকাশ করে ০৫ (পাঁচ) কপি জেলা প্রশাসক, চট্টগ্রাম বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৮। নোটিশ বোর্ডে প্রকাশের জন্য।

মোহাম্মদ মমিনুর রহমান
জেলা প্রশাসক
চট্টগ্রাম
ফোন: ০২৩৩৩৩৬৯৯৬ ফ্যাক্স: ০২৩৩৩৩৬৫০৭২
ই-মেইল :dcchittagong@mopa.gov.bd